গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১০৪/২০১৮-১৯
ঢাকা, সোমবার ২৬ নভেম্বর ২০১৮, ১২ অগ্রহায়ণ ১৪২৫
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। রাষ্ট্রপতির সঙ্গে সুদানের রাষ্ট্রদূতের বিদায়ী সাক্ষাৎ

২। দেশব্যাপী সমবায় আন্দোলন জোরদার করার আহ্বান প্রধানমন্ত্রীর

৩। সব প্রার্থীকে সমান চোখে দেখতে হবে : নির্বাহী ম্যাজিস্ট্রেটদের উদ্দেশে সিইসি

৪। দল নয়, প্রার্থীর অভিযোগ আমলে নেবে নির্বাচন কমিশন : ইসি সচিব

৫। বিটিআরসি'র সঙ্গে নির্বাচন কমিশনের বৈঠক আজ

৬। বাংলাদেশে নির্বাচনের গণতান্ত্রিক, সুষ্ঠু পরিবেশ রয়েছে : ইইউ

৭। অবাধ ও সুষ্ঠু নির্বাচন নিয়ে কোনো সংশয় নেই : স্বাস্থ্যমন্ত্রী

৮। ইভিএম ব্যবহার সংবিধানসম্মত : আইনমন্ত্রী

৯। সমুদ্র অর্থনীতি বিকাশে সহযোগিতা বাড়াতে হবে : পররাষ্ট্রমন্ত্রী

১০। আমজাদ হোসেনের পরিবারকে প্রধানমন্ত্রীর এয়ার এম্বুলেন্স ও অন্যান্য চিকিৎসার খরচ প্রদান

১১। সরকারি স্কুলে ভর্তি নীতিমালা প্রকাশ, ঢাকা মহানগরীতে এলাকা কোটা ৪০ শতাংশ

১২। আ'লীগের প্রার্থী ২৩০, ৩০০ আসনে মহাজোটের তালিকা প্রকাশ আজ

১৩। বিএনপি'র অভিযোগ মনগড়া ও উদ্দেশ্যপ্রণোদিত : প্রশাসনের কর্মকর্তাদের প্রতিবাদ, উকিল নোটিশ

১৪। ইউএনএফপিএ'র গ্লোবাল চ্যাম্পিয়ন মনোনীত হলেন অতিরিক্ত আইজিপি মোখলেসুর রহমান

চলমান পাতা-২

১। **রাষ্ট্রপতির সঙ্গে সুদানের রাষ্ট্রদূতের বিদায়ী সাক্ষাৎ**

বাংলাদেশে নিযুক্ত সুদানের অনাবাসিক রাষ্ট্রদূত সিরাজুদ্দিন হামিদ ইউসিফ গতকাল (২৫ নভেম্বর রোববার) বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে বিদায়ী সাক্ষাৎ করেন। এ সময় রাষ্ট্রপতি চলমান রোহিঙ্গা সংকটে সামগ্রিক সাহায্য ও সহযোগিতার জন্য সুদানের জনগণ ও সরকারকে ধন্যবাদ জানান। দু'দেশের মধ্যে বিরাজমান চমৎকার দ্বিপক্ষীয় সম্পর্কের কথা উল্লেখ করে তিনি বলেন, জাতিসংঘ ও অন্যান্য আন্তর্জাতিক ফোরামে বিভিন্ন গুরুত্বপূর্ণ ইস্যুতে বাংলাদেশ ও সুদান সবসময় অভিন্ন মতামত ব্যক্ত করে। বাংলাদেশে অর্পিত দায়িত্ব সম্পন্ন করার জন্য রাষ্ট্রপতি সুদানী রাষ্ট্রদূতকে ধন্যবাদ জানান। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৪)।

২। **দেশব্যাপী সমবায় আন্দোলন জোরদার করার আহ্বান প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশব্যাপী সমবায় আন্দোলনকে জোরদার করার ওপর গুরুত্বারোপ করে বলেছেন, দেশের উন্নয়নকে ত্বরান্বিত করার ক্ষেত্রে সমবায় একটি পরীক্ষিত কৌশল। প্রধানমন্ত্রী বলেন, আমাদের উন্নয়ন প্রচেষ্টায় সমবায়ের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ, আর আমাদের খাদ্য নিরাপত্তাকে নিশ্চিত করার জন্য এ আন্দোলনকে দেশের কৃষিক্ষেত্রের সর্বত্র ছড়িয়ে দিতে হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (২৫ নভেম্বর রোববার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে ৪৭তম জাতীয় সমবায় দিবস এবং জাতীয় সমবায় পুরস্কার ২০১৬ এবং ২০১৭ বিতরণ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে এ কথা বলেন। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সমবায় বিভাগ আয়োজিত এ অনুষ্ঠানে ১০টি ক্যাটাগরিতে সমবায়ের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখায় দু'বছরে মোট ২০টি প্রতিষ্ঠান ও ব্যক্তি প্রধানমন্ত্রীর কাছ থেকে পদক গ্রহণ করেন। পরে প্রধানমন্ত্রী মেলার বিভিন্ন স্টল ঘুরে দেখেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **অবজারভার** (শেষ পৃ,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

৩। **সব প্রার্থীকে সমান চোখে দেখতে হবে : নির্বাহী ম্যাজিস্ট্রেটদের উদ্দেশে সিইসি**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে দল ও ব্যক্তির ঊর্ধ্বে থেকে পক্ষপাতহীনভাবে নির্বাহী ম্যাজিস্ট্রেটদের দায়িত্ব পালনের নির্দেশ দিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদা। গতকাল (২৫ নভেম্বর রোববার) আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্বাচন ভবনে নির্বাহী ম্যাজিস্ট্রেটদের নিয়ে নির্বাচনি আচরণ বিধিমালা সংক্রান্ত ব্রিফিংয়ে এ নির্দেশ দেন সিইসি। কে এম নূরুল হুদা বলেন, আপনাদের দায়িত্ব হতে হবে রাজনৈতিকভাবে সৎ। সব প্রার্থীকে সমান চোখে দেখতে হবে। কারো জন্য বেশি দেখা, কারো জন্য কম দেখা-এ ধরনের আচরণ কখনো আপনারা করবেন না। কোনো রাজনৈতিক দলের প্রতি ছাড় দেওয়ার মনোভাব কিংবা দুর্বলতা দেখানো যাবে না। নির্বাচনের আগ থেকে প্রিজাইডিং অফিসারদের নিরাপত্তার বিষয়কে গুরুত্ব দিতে কঠোর নির্দেশ দেন সিইসি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮)।

৪। **দল নয়, প্রার্থীর অভিযোগ আমলে নেবে নির্বাচন কমিশন : ইসি সচিব**

বিএনপি'র দেওয়া পুলিশ ও জনপ্রশাসনের ৯২ কর্মকর্তাকে বদলির বিষয়ে কোনো পদক্ষেপ না নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। গতকাল (২৫ নভেম্বর রোববার) কমিশনের এক অনানুষ্ঠানিক বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়। এ বিষয়ে জানতে চাইলে ইসি সচিব হেলালুদ্দীন আহমদ জানিয়েছেন, রাজনৈতিক দল নয়, প্রার্থীর চিঠি আমলে নেবে কমিশন। এমন সিদ্ধান্তই নেওয়া হয়েছে। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **নিউ এজ** (শেষ পৃ.ক.৫)।

৫। **বিটিআরসি'র সঙ্গে নির্বাচন কমিশনের বৈঠক আজ**

নির্বাচন কমিশন আজ (২৬ নভেম্বর সোমবার) বিটিআরসি'র কর্মকর্তাবৃন্দ এবং মোবাইল অপারেটরদের সাথে বৈঠক করবে। আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে প্রচারণাকার্যে সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোর অপব্যবহার রোধে এ বৈঠক অনুষ্ঠিত হবে। সূত্র-**ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৮)।

৬। **বাংলাদেশে নির্বাচনের গণতান্ত্রিক, সুষ্ঠু পরিবেশ রয়েছে : ইইউ**

বাংলাদেশে এ মুহূর্তে নির্বাচনের যথেষ্ট গণতান্ত্রিক ও সুষ্ঠু পরিবেশ বজায় থাকায় আসন্ন নির্বাচনে পর্যবেক্ষক দল পাঠাবে না ইউরোপীয় ইউনিয়ন। গতকাল (২৫ নভেম্বর রোববার) রাজধানীর একটি হোটেলে সংবাদসম্মেলনে এ কথা জানায় বাংলাদেশে সফররত ইউরোপীয় ইউনিয়নের পার্লামেন্টারি বোর্ডের প্রতিনিধিদল। এ সময় নির্বাচন সুষ্ঠু হবার আশাবাদ

ব্যক্ত করেন তাঁরা। তাঁরা বলেন, ইউরোপীয় ইউনিয়নের সংসদ সদস্য হিসেবে বাংলাদেশের বিভিন্ন জায়গা আমরা ঘুরে দেখেছি। এ মুহূর্তে এখানে পুরোপুরি গণতান্ত্রিক পরিবেশ রয়েছে। আমাদের কিছু ভুল ধারণা ছিল এদেশের মানবাধিকার ও কাজের পরিবেশ নিয়ে। কিন্তু পর্যবেক্ষণের পর আমাদের ধারণা বদলে গেছে। আগামী নির্বাচনে জনগণই ভোটের মাধ্যমে নির্বাচন করবে পরবর্তীতে কারা সরকার গঠন করবে। এখানে একটি অবাধ ও সুষ্ঠু নির্বাচন হবে বলে আমরা আশা করছি। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সমকাল** ( শেষ পৃ,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**৭। অবাধ ও সুষ্ঠু নির্বাচন নিয়ে কোনো সংশয় নেই : স্বাস্থ্যমন্ত্রী**

অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন নিয়ে কোনো সংশয় নেই মন্তব্য করে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, বিএনপি-জামায়াত জোট রাজনীতির নতুন মোড়কে ঐক্যজোটের নামে অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন নিয়ে গুজব ছড়াচ্ছে। নির্বাচন নিয়ে তাদের এ গুজবে কান না দেওয়ার জন্য জনগণের প্রতি তিনি আহ্বান জানান। স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম গতকাল (২৫ নভেম্বর রোববার) তাঁর নির্বাচনি এলাকা সিরাজগঞ্জের কাজিপুরে যমুনা নদীভাঙ্গনের কবল থেকে কাজিপুর উপজেলাধীন খুদবান্ধি, শুভগাছা ও সিংড়াবাড়ী এলাকা সংরক্ষণ প্রকল্প পরিদর্শন শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এ কথা বলেন। ৪শ' ৬৫ কোটি টাকা ব্যয়ে পানি উন্নয়ন বিভাগের এ প্রকল্পের কাজ প্রায় ৪০ ভাগ শেষ হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.১)।

**৮। ইভিএম ব্যবহার সংবিধানসম্মত : আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, একটা সময় কম্পিউটার বা ইন্টারনেটে নির্বাচনের ফলাফল ঘোষণার কোনো নিয়ম ছিলো না। কারণ যখন সংবিধান প্রণয়ন করা হয় তখন এসব প্রযুক্তি ছিলো না। সংবিধানে যা লেখা আছে তার আওতায় থেকেই ইভিএম ব্যবহার করা হচ্ছে। কাজেই এটা বলা যায়, এ ইভিএম ব্যবহার সংবিধানসম্মত। গতকাল (২৫ নভেম্বর রোববার) ঢাকায় বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটে জেলা ও দায়রা জজ এবং মহানগর দায়রা জজদের জন্য আয়োজিত ২৪তম বিচার প্রশাসন প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.১)।

**৯। সমুদ্র অর্থনীতি বিকাশে সহযোগিতা বাড়াতে হবে : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী বলেছেন, সমুদ্র অর্থনীতি বিকাশে সরকারি ও বেসরকারি সহযোগিতা বাড়াতে হবে। এক্ষেত্রে গবেষণালব্ধ উদ্ভাবনী শিক্ষা ও প্রশিক্ষণ সবচাইতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। গতকাল (২৫ নভেম্বর রোববার) হোটেল সোনারগাঁওয়ে ইউরোপীয় ইউনিয়ন ও পররাষ্ট্র মন্ত্রণালয় আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। 'সমুদ্র অর্থনীতি : ইউরোপীয় ইউনিয়নের দিগন্ত ২০২০' শীর্ষক অনুষ্ঠানের উদ্বোধন পর্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ঢাকায় ইউরোপীয় ইউনিয়নের প্রধান প্রতিনিধি রেনেসে তিরিঙ্ক। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **আমাদের অর্থনীতি** (শেষ পৃ,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১)।

**১০। আমজাদ হোসেনের পরিবারকে প্রধানমন্ত্রীর এয়ার এম্বুলেন্স ও অন্যান্য চিকিৎসার খরচ প্রদান**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গুরুতর অসুস্থ বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক আমজাদ হোসেনের চিকিৎসার্থে এয়ার এম্বুলেন্স ভাড়া ও অন্যান্য ব্যয় বাবদ ৪২ লাখ ৩৫ হাজার টাকা প্রদান করেছেন। প্রধানমন্ত্রীর উপপ্রেস সচিব আশরাফুল আলম খোকন জানান, একুশে পদকপ্রাপ্ত আমজাদ হোসেনের চিকিৎসার্থে তাঁর পরিবারকে প্রধানমন্ত্রী এয়ার এম্বুলেন্স ভাড়া বাবদ ২২ লাখ ৩৫ হাজার টাকা এবং অন্যান্য চিকিৎসার খরচ বাবদ ২০ লাখ টাকা প্রদান করেছেন। গতকাল (২৫ নভেম্বর রোববার) গণভবনে এ অর্থের চেক প্রদান করা হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৮)।

**১১। সরকারি স্কুলে ভর্তি নীতিমালা প্রকাশ, ঢাকা মহানগরীতে এলাকা কোটা ৪০ শতাংশ**

ঢাকা মহানগরীর স্কুলে পার্শ্ববর্তী এলাকায় শিক্ষার্থীদের জন্য ৪০ শতাংশ এলাকা কোটা সংরক্ষণ করার নির্দেশনা দিয়ে 'সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির নীতিমালা-২০১৮' প্রণয়ন করেছে শিক্ষা মন্ত্রণালয়। গতকাল (২৫ নভেম্বর রোববার) এ নীতিমালাটি প্রকাশ করা হয়। নীতিমালায় ২০১৯ শিক্ষাবর্ষে সব মহানগরী, বিভাগীয় শহর ও জেলা সদরের সব সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে নির্দেশ

দেওয়া হয়েছে। উপজেলা সদরেও কেন্দ্রীয় অনলাইন পদ্ধতিতে ভর্তি কার্যক্রম সম্পন্ন করা বাধ্যতামূলক। তবে নিয়ন্ত্রণ বহির্ভূত কোনো কারণে অনলাইনে কার্যক্রম চালানো না গেলে কেবল উপজেলার ক্ষেত্রে ম্যানুয়ালি করা যাবে। নীতিমালা অনুযায়ী, প্রথম শ্রেণিতে ভর্তির জন্য আবশ্যিকভাবে লটারির মাধমে শিক্ষার্থী নির্বাচন করতে হবে। পাশাপাশি শূন্য আসনের সমান সংখ্যক অপেক্ষমাণ তালিকাও প্রস্তুত রাখতে হবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.২), **যুগান্তর** (পৃ.৩,ক.৩)।

**১২। আ'লীগের প্রার্থী ২৩০, ৩০০ আসনে মহাজোটের তালিকা প্রকাশ আজ**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে জোটগতভাবে ৩০০ আসনে প্রার্থী চূড়ান্ত করেছে আওয়ামী লীগ নেতৃত্বাধীন মহাজোট। আজ বিকেল সাড়ে ৩টায় রাজধানীর ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার রাজনৈতিক কার্যালয়ে সংবাদসম্মেলনে এ প্রার্থী তালিকা প্রকাশ করা হবে। এদিকে গতকাল (২৫ নভেম্বর রোববার) ২৩০টি আসনের বিপরীতে আওয়ামী লীগ প্রার্থী মনোনয়ন দিয়েছে এবং মনোনয়ন সংবলিত চিঠি কেন্দ্রীয় কার্যালয় থেকে হস্তান্তর করেছে আওয়ামী লীগ। আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, ২৩০টি আসনে অনানুষ্ঠানিকভাবে দলীয় (আওয়ামী লীগের) মনোনয়নের চিঠি দেওয়া হলেও প্রয়োজনে প্রার্থীর ক্ষেত্রে পরিবর্তন আসতে পারে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.২), **সমকাল, জনকণ্ঠ, ইত্তেফাক, অবজারভার, নিউজ টুডে, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**১৩। বিএনপি'র অভিযোগ মনগড়া ও উদ্দেশ্যপ্রণোদিত : প্রশাসনের কর্মকর্তাদের প্রতিবাদ, উকিল নোটিশ**

সরকারি দলকে জয়ী করতে প্রশাসন ও পুলিশের শীর্ষস্থানীয় কিছু কর্মকর্তা 'গোপন বৈঠক' করেছেন বলে বিএনপি যে অভিযোগ করেছে, তাকে ভিত্তিহীন ও মনগড়া বলে মন্তব্য করে এর প্রতিবাদ করেছেন প্রশাসনের কর্মকর্তারা। তারা বলেছেন, প্রশাসনের কর্মকর্তাদের বিতর্কিত করার জন্য এটি একটি প্রপাগান্ডা। অসৎ উদ্দেশ্য নিয়ে বিএনপি এমন অভিযোগ করছে বলে মনে করেন কর্মকর্তারা। এদিকে বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভীকে ২৪ ঘন্টার মধ্যে বক্তব্য প্রত্যাহার চেয়ে উকিল নোটিশ পাঠিয়েছেন পানিসম্পদ সচিব। গত ২৪ নভেম্বর শনিবার এক সংবাদসম্মেলনে রিজভী দাবি করেন, ২০ নভেম্বর রাতে ঢাকার অফিসার্স ক্লাবে প্রশাসনের শীর্ষ কর্মকর্তাদের একটি গোপন বৈঠক অনুষ্ঠিত হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৩), **সংবাদ** (পৃ.১,ক.১)।

**১৪। ইউএনএফপিএ'র গ্লোবাল চ্যাম্পিয়ন মনোনীত হলেন অতিরিক্ত আইজিপি মোখলেসুর রহমান**

বাংলাদেশ পুলিশের অতিরিক্ত আইজিপি মোখলেসুর রহমান নারী ও কন্যা শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে অনন্য সাধারণ অবদানের জন্য জাতিসংঘ জনসংখ্যা চ্যাম্পিয়ন মনোনীত হয়েছেন। গতকাল (২৫ নভেম্বর রোববার) পুলিশ সদরদফতর এ তথ্য জানায়। ইউএনএফপিএ নারী ও কন্যা শিশুর প্রতি নির্যাতন প্রতিরোধে অসামান্য অবদানের জন্য বিশ্বব্যাপী **১৬**টি দেশের **১৬** জনকে চ্যাম্পিয়ন মনোনীত করেছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **সমকাল** (পৃ.৪,ক.১), **নিউ এজ** (পৃ.৩,ক.৮)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** আশুলিয়ার পলাশবাড়ি এলাকায় বেপরোয়া গতির এক বাসকে থামানোর জন্য এক পুলিশ কর্মকর্তাকে মোটরসাইকেলসহ চাপা দেয়ার ঘটনার নিন্দা জানিয়ে সড়ক দুর্ঘটনার জন্য দায়ী এসব বেপরোয়া চালকদের বিরুদ্ধে কঠোরব্যবস্থা নেওয়ার দাবি।

খ. **যায়যায়দিন** : নির্বাচন কমিশন আসন্ন একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ৬টি আসনের মোট নয়'শ কেন্দ্রে ইভিএমে ভোটগ্রহণের সিদ্ধান্ত নিয়েছে উল্লেখ করে এ পদ্ধতিতে ভোটগ্রহণ যাতে প্রশ্নবিদ্ধ না হয় সে ব্যাপারে ইসিকে সতর্ক থাকার সুপারিশ।

**গ.** **যুগান্তর :** দিন দিন রক্তসংক্রান্ত বিভিন্ন রোগের প্রকোপ বাড়লেও সে তুলনায় সরকারি-বেসরকারি পর্যায়ে বিশেষায়িত হাসাপাতাল-ক্লিনিক ও সচেতনতা তৈরির উদ্যোগ নেই উল্লেখ করে এসব রোগের ব্যাপারে সচেতনতা তৈরির পাশাপাশি সরকারি-বেসরকারি উদ্যোগে বিশেষায়িত হাসপাতাল তৈরির সুপারিশ।

**ঘ.** **সংবাদ :** শিক্ষাবর্ষের শেষ সময়ে বেপরোয়া শিক্ষা বাণিজ্যে লিপ্ত হয়েছে কোচিং ব্যবসায়ীরা উল্লেখ করে কোচিং বাণিজ্যের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি।

**ঙ.** **ইন্ডিপেনডেন্ট :** দেশের পিছিয়ে পড়া প্রত্যন্ত অঞ্চলের দরিদ্র নারী ও শিশুদের স্বাস্থ্যসুরক্ষায় নজর দেওয়ার সুপারিশ।

**চ.** **নিউ নেশন :** দেশে লাইসেন্সকৃত আগ্নেয়াস্ত্রের অপব্যবহার রোধে নজর রাখার সুপারিশ।

**উপসম্পাদকীয়**

**বণিক বার্তা** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, রাজনীতিতে মেধাবীদের অংশগ্রহণ বাড়াতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'সহজে ব্যবসা করার সুযোগ বাড়াতে হবে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শুধু বিদেশি বিনিয়োগ নয়, দেশি বিনিয়োগের জন্যেও ব্যবসার সহজ পরিবেশ থাকা প্রয়োজন।

#

ডালিয়া/ফাহিমা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা